

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৩৪৫

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ বেগানা নারী তথা কোন সুদর্শন বালকের দিকে শরয়ী প্রয়োজন ছাড়া তাকানো হারাম

আরবী

وَعَنْ أَبِي طَلَحَة زَيدِ بِنِ سَهِلٍ قَالَ: كُنَّا قُعُوداً بِالأَفْنِيَةِ نَتَحَدَّثُ فِيهَا فَجَاءَ رَسُوْلُ اللهِ عَلِيْ فَقَامَ عَلَيْنَا فَقَالَ مَا لَكُمْ وَلِمَجَالسِ الصِّعُدَاتِ ؟ اِجْتَنِبُوا مَجَالِسَ الصَّعُدَاتِ فَقُلْنَا: إِنَّمَا قَعَدْنَا لِغَيْرِ مَا بَأْسٍ قَعَدْنَا نَتَذَاكَرُ وَنَتَحَدَّثُ قَالَ إِمَّا لاَ فَأَدُّوا حَقَّهَا: غَضُّ البَصرِ وَرَدُّ السَّلاَمِ وَحُسْنُ الكَلاَمِ رواه مسلم

বাংলা

(২৩৪৫) আবূ ত্বালহা যায়েদ ইবনে সাহল (রাঃ) কর্তৃক বর্ণিত, তিনি বলেন, একদা আমরা ঘরের বাইরে অবস্থিত প্রাঙ্গনে বসে কথাবার্তায় রত ছিলাম। ইত্যবসরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (সেখানে) এসে আমাদের নিকট দাঁড়িয়ে বললেন, তোমরা রাস্তায় বৈঠক করছ? তোমরা রাস্তায় বসা থেকে বিরত থাক। আমরা নিবেদন করলাম, 'আমরা তো এখানে এমন উদ্দেশ্যে বসেছি, যাতে (শরীয়তের দৃষ্টিতে) কোন আপত্তি নেই। আমরা এখানে নিজেদের মধ্যে আলাপ আলোচনা করা ও কথাবার্তা বলার জন্য বসেছি।' তিনি বললেন, যদি রাস্তায় বসা ত্যাগ না কর, তাহলে তার হক আদায় কর। আর তা হল, দৃষ্টি সংযত রাখা, সালামের উত্তর দেওয়া এবং সুন্দরভাবে কথাবার্তা বলা।

ফুটনোট

(মুসলিম ৫৭৭৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛮 বর্ণনাকারীঃ আবূ ত্বলহা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন